

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ১৬, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
উপকরণ-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১৫ পৌষ ১৪২৬/৩০ ডিসেম্বর ২০১৯

নং ১২.০০.০০০০.০২৬.৪০.০৩৩.১৯.২৮৪—সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ৭ ধারায় অর্পিত ক্ষমতাবলে ১৩ নভেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিত জাতীয় সার প্রমিতকরণ কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে কৃম/উপ-২/সার-১/২০০৮/১৫৬ সংখ্যক প্রজ্ঞাপন; তারিখ: ০২-০৪-২০০৮ এবং ১২.০২৬.০৪০.০০.০০.০০৪.২০১০-৫০ সংখ্যক সংশোধিত প্রজ্ঞাপন তারিখ: ১৪-০৩-২০১২ এ উল্লিখিত সারের উপাদান ও পরিমাণের বিনির্দেশ যথাযথ অনুসরণ করার শর্তে “Pael Organic Fertilizer” নামীয় জৈব সারটির আবেদনকারী প্রতিষ্ঠান : Progga Agro Enterprise Ltd. Ichakhali, Chatmohor, Pabna এর অনুকূলে নিম্নবর্ণিত বিনির্দেশ ও শর্তাবলির আলোকে এতদ্বারা সরকার কর্তৃক অনুমোদন প্রদান করা হইল :

১. বিনির্দেশ

কৃম/উপ-২/সার-১/২০০৮/১৫৬ সংখ্যক প্রজ্ঞাপন; তারিখ ০২-০৪-২০০৮ এবং নং-১২.০২৬.০৪০.০০.০০.০০৪.২০১০-৫০ সংখ্যক সংশোধিত প্রজ্ঞাপন তারিখ: ১৪-০৩-২০১২ মোতাবেক জারীকৃত বর্ণিত জৈব সারের সরকার অনুমোদিত বিনির্দেশ এর সাথে ল্যাবরেটরি পরীক্ষার ফলাফল সঙ্গতিপূর্ণ হওয়ায় টমেটো (রবি) উৎপাদনের জন্য ব্যবহার করা যাবে।

(১২৯১)

মূল্য : টাকা ৪.০০

২. শর্তাবলি :

- (ক) সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ধারা ১৩(১) এবং সার (ব্যবস্থাপনা)(সংশোধন) আইন, ২০০৯ অনুযায়ী সারের বস্তুর গায়ে লেবেল লাগাইতে হইবে।
- (খ) লেবেলে নিম্নে বর্ণিত তথ্যাদি স্পষ্টাক্ষরে ও সহজে দৃশ্যমানভাবে বাংলা বা ইংরেজিতে লিখিতে হইবে, যথা :—
- (i) সারের নাম (ব্রান্ড নাম যদি থাকে উহাও উল্লেখ করিতে হইবে) ;
- (ii) সারের বিদ্যমান আবশ্যিকীয় উদ্ভিদ পুষ্টি উপাদানের নাম এবং উহার শতকরা হার ;
- (iii) সারের নীট ওজন ;
- (iv) প্রস্তুতকারকের নাম, ঠিকানা, নিবন্ধন নম্বর ও যে দেশে প্রস্তুত সেই দেশের নাম ;
- (v) নিশ্চয়তা বিশ্লেষণ (Guaranteed Analysis) ;
- (vi) উৎপাদনের তারিখ ; এবং
- (vii) সর্বোচ্চ খুচরা মূল্য (MRP) ।
- (গ) খোলা অবস্থায় অনুজীব সার বাজারজাত করা যাইবে না;
- (ঘ) মোড়কজাত করিয়া বিক্রি করিতে হইবে;
- (ঙ) মোড়কজাত ( লেবেলসহ) এর নমুনা জাতীয় সার প্রমিতকরণ কমিটির আগামী সভায় উপস্থাপন করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ তোফাজ্জল হোসেন  
যুগ্মসচিব।